

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

বিষয়ঃ গত ০৭-০৮-২০১৯ তারিখে অনুষ্ঠিত কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প এবং রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচীর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোহাম্মদ ইউসুফ, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর।
স্থান : মহাপরিচালকের দপ্তর, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।
সময় : সকাল ১০.০০ ঘটিকা।
তারিখ : ০৭ আগস্ট, ২০১৯ খ্রিঃ।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : পরিশিষ্ট-‘ক’।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচনাঃ

১। আলোচ্য বিষয় : ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচীর জুন, ২০১৯ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

গত ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচীর জুন, ২০১৯ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। সভায় জানানো হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে বাস্তবায়নাধীন ০৩টি বিনিয়োগ প্রকল্পের অনুমোদিত ডিপিপি মোতাবেক আরএডিপি’র বরাদ্দ অনুযায়ী মোট ১১৩২.০০ লক্ষ টাকা এবং ০২টি কর্মসূচির অনুমোদিত পিপিএনবি মোতাবেক মোট ১১৮.৩০ লক্ষ টাকার বরাদ্দ ছিল। প্রকল্পের ১১৩২.০০ লক্ষ (১০০%) টাকা ছাড় করা হলেও জুন, ১৯ পর্যন্ত ৮৫৫.০০ লক্ষ (৭৫.৫৩%) টাকা ব্যয় করা হয়। এছাড়া কর্মসূচিসমূহের ১১৮.৩০ লক্ষ (১০০%) টাকা ছাড় করা হয় এবং জুন, ১৯ পর্যন্ত ১১৮.৩০ লক্ষ (১০০%) লক্ষ টাকা ব্যয় করা হয়। স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ) শীর্ষক প্রকল্পের অগ্রগতি আশানুরূপ না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। ২০১৯-২০ অর্থ বছরে এডিপি বাস্তবায়নের হার গতিশীল করার লক্ষ্যে প্রকল্প/কর্মসূচিসমূহের অগ্রগতি ১০০% সম্পন্ন করার জন্য প্রকল্প পরিচালক ও কর্মসূচি পরিচালকদের নির্দেশনা প্রদান করেন। এছাড়া প্রকল্প/কর্মসূচিসমূহের ২০১৮-১৯ অর্থ বছরের অব্যবহৃত অর্থ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার বরাবর পত্র প্রেরণ পূর্বক অতি দ্রুত অর্থ সমার্পনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। প্রকল্প ও কর্মসূচিসমূহের ২০১৯-২০ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে পৃথক পৃথক ভাবে আলোচনা করা হয়।

২: সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহঃ

সভায় কৃষি বিপণন অধিদপ্তরের উন্নয়ন প্রকল্পের কর্ম-পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়নের কৌশল নির্ধারণ, প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নে গতিশীলতা আনয়ন এবং প্রকল্প ও কর্মসূচি সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত- ১: স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ) শীর্ষক প্রকল্পের যবতীয় পণ্য/সেবা ক্রয়/সংগ্রহের পূর্বে বাজার দর যাচাই কমিটি কর্তৃক বাজার দর সংগ্রহ পূর্বক ব্যয় প্রাক্কলন ও সংগ্রহ পদ্ধতি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে। ০২টি বৈদেশিক ভ্রমণ আবশ্যিকভাবে ডিসেম্বর, ২০১৯ এর মধ্যে শেষ করতে হবে। কৃষি বিপণন অধিদপ্তরের মাঠ পর্যায়ের সকল অফিসের চাহিদা পত্র সংগ্রহ পূর্বক এবং প্রকল্পের চাহিদা অনুযায়ী আসবাবপত্রের দরপত্র আহবান করতে হবে। প্রকল্পের আওতায় অনুষ্ঠিত যাবতীয় প্রশিক্ষণ, ওয়ার্কসপ ও সেমিনারের জন্য আগামী সেপ্টেম্বর, ২০১৯ এর মধ্যে একটি আদর্শ মডিউল ও ওয়ার্ক প্লান তৈরী করার জন্য সভাপতি নির্দেশনা দেন। ম্যাচিং গ্রান্ট এর নীতিমালা প্রণয়নের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। তাছাড়া চলতি অর্থ বছরে প্রশিক্ষণ সহ কার্যক্রম পরিচালনার জন্য উপযুক্ত পদ্ধতিতে সংগ্রহ পরিকল্পনা প্রণয়নপূর্বক ৩১ আগস্ট/২০১৯ এর মধ্যে টেন্ডার আহবান এবং ৩০ সেপ্টেম্বর/২০১৯ এর মধ্যে কার্যাদেশ প্রদানের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। প্রকল্পের আওতায় অন্যান্য সংগ্রহ কার্যাদিও ৩০ সেপ্টেম্বর/২০১৯ এর মধ্যে সমাপ্ত করতে হবে। এসএসিপি প্রকল্পের কার্যক্রম যেহেতু

